দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG. 4 -1990
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৮ ...

31

## শিক্ষক সমিতি চট্টগ্রাম দক্ষিণ জেলা আহ্বায়ক কমিটি গঠন

চট্টগ্রাম অফিস ।। বাংলাদেশ শিক্ষক সমিতি (ফেডারেশন) চট্টগ্রাম দক্ষিণ জেলার আহ্বায়ক কমিটি গঠনকল্পে এক সভা গত ২৬শে জুলাই অনুষ্ঠিত হয়। মহিবুর রহমান চৌধুরীর সভাপতিত্বে কাজেম আলী হাইস্কুল ভবনস্থ আঞ্চলিক কার্যালয়ে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন এম এ ছফা চৌধুরী, নূরুল হক, আবুল কালাম চৌধুরী, আবদুস সাত্তার মজুমদার, মোহাম্মদ মিয়া ও আবদুল ওয়াহাব। সভায় গাছবাড়িয়া এন, জি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক নূরুল হককে আহ্বায়ক ও বটতলী এস এম আউলিয়া উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মোহাম্মদ মিয়াকে যুগ্ম আহ্বায়ক করিয়া ১৬ সদস্যবিশিষ্ট বাশিস ফেডারেশনের চট্টগ্রাম দক্ষিণ জেলা আহ্বায়ক কমিটি গঠিত হয়।